

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ভোলা সদর, ভোলা  
sadar.bhola.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০৯১৮.০০০.১৮.০০১.১৯.০১

তারিখঃ ১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় তথ্য বাতায়নে উপজেলা/ইউনিয়ন পর্যায়ে সরকারি অফিসসমূহের তথ্যাদি হালনাগাদকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে এটুআই প্রোগ্রামের আওতায় ইউনিয়ন থেকে শুরু করে মন্ত্রণালয়/বিভাগ পর্যন্ত একই ফ্রেমওয়ার্কে জাতীয় তথ্য বাতায়ন নির্মিত হয়েছে। এই ওয়েবপোর্টালে সরকারি সকল দপ্তরের সেবাসমূহ, কর্মকর্তা-কর্মচারীদের তথ্য, কী সেবা কিভাবে পাবেন, অফিস যোগাযোগসহ সকল তথ্য এই ওয়েবপোর্টালে সন্নিবেশিত রয়েছে। প্রতিটি সরকারি অফিসের জন্য পৃথকভাবে ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে বিধায় সংশ্লিষ্ট অফিসই তার ওয়েবসাইট সম্পাদন/হালনাগাদ করার জন্য দায়বদ্ধ। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, অত্র উপজেলার বেশিরভাগ অফিসের তথ্যাবলি হালনাগাদ নেই। জাতীয় তথ্য বাতায়নের জন্য আইসিটি অধিদপ্তর ও এটুআই কর্তৃক প্রণয়নকৃত নির্দেশিকা অনুযায়ী সরকারি দপ্তরের তথ্যাবলি স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করতে কারিগরি সমস্যা হলে জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা সদর, ভোলা, মোবাইল নম্বর ০১৭২১-৬৫৭৯৩০ এর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

০২। এমতাবস্থায়, আপনার দপ্তরের ওয়েবসাইটের তথ্যাদি দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: ১। ওয়েবপোর্টালের জন্য তথ্যাদির তালিকা ১(এক) ফর্দ।

২। ভোলা সদর উপজেলার অফিসসমূহের ওয়েব লিংক ১(এক) ফর্দ।

ভোলা সদর, ভোলা।

  
(মো: কামাল হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার  
ভোলা সদর, ভোলা  
☎ ০৪৯১-৬১৩১৮  
✉ unobhola@mopa.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, ভোলা।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা সদর, ভোলা।

০৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ভোলা।

০৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা সদর, ভোলা।

০৫। অফিস কপি।